

স্মারক নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.৩৫.০০১.২৩- ২২৯০

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩০
২৮ নভেম্বর ২০২৩

অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ৩০ নভেম্বর ২০২৩ খ্রি: বৃহস্পতিবার। সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে যে কোন দিন অনলাইনে বা ফরম-১ এ সরাসরি মনোনয়নপত্র দাখিল করবেন।

২। মনোনয়নপত্র দাখিল: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপ-দফার বিধান এবং নির্বাচন পরিচালনার বিধিমালা ২০০৮ এর ৩ বিধির (১) (খ), (২) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে;

৩। (ক) অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য নির্বাচনের যোগ্য ব্যক্তিগণকে বাংলাদেশ নির্বাচন কমিশন অফিসিয়াল ওয়েবসাইটে www.ecs.gov.bd গিয়ে অনলাইনে মনোনয়নপত্র দাখিল লিংকে ক্লিক করতে হবে। ওয়েবপোর্টালে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল ইচ্ছুক ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর মনোনয়নপত্র দাখিলে ইচ্ছুক ব্যক্তি একটি ইউজার আইডি ও পাসওয়ার্ড পাবেন। প্রাপ্ত ইউজার আইডি পাসওয়ার্ড ব্যবহার করে মনোনয়নপত্র ডাউনলোড করতে পারবেন।

(খ) ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী নিজের মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করে পিডিএফ আকারে দাখিল করতে পারবেন।

(গ) উল্লিখিত পদ্ধতিতে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত হবেন।

(ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্র ক্রমিক নং প্রদান করে উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের তৃতীয় খণ্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং বাছাইয়ের স্থান, তারিখ ও সময় মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে উল্লেখপূর্বক স্বাক্ষর ও সিলমোহর প্রদান করে পিডিএফ আকারে প্রার্থীকে ই-মেইল প্রেরণ করবেন।

(ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূলকপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে।

উল্লেখ্য যে, জয়পুরহাট জেলার ০২ টি সংসদীয় আসনের [৩৪ জয়পুরহাট-১ (জয়পুরহাট সদর ও পাঁচবিবি), ৩৫ জয়পুরহাট-২ (আক্কেলপুর, কালাই ও ক্ষেতলাল)] সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখ সময়ে বা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।

স্বঃ

(সালেহীন তানভীর গাজী)
জেলা প্রশাসক, জয়পুরহাট

ও


রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

স্মারক নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.৩৫.০০১.২৩- ২২৯০

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩০
২৮ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল রাজশাহী
- ৪। পুলিশ সুপার, জয়পুরহাট
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট
- ৬। জেলা নির্বাচন অফিসার, জয়পুরহাট
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল),..... জয়পুরহাট (তাকে গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৯। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট (তাকে গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১০। উপজেলা নির্বাচন অফিসার (সকল), জয়পুরহাট
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, জয়পুরহাট
- ১২। নোটিশ বোর্ড


জেলা প্রশাসক
জয়পুরহাট
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন